

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালক (অঃপ্রঃপ্রঃ, সওজ) এর কার্যালয়
ওয়েস্টার্ন বাংলাদেশ ব্রিজ ইমপ্রুভমেন্ট প্রজেক্ট
আরএইচডি-ফরেন এইডেড প্রজেক্টস ভবন
রোড নং-২৭, ব্লক-এ, বনানী, ঢাকা-১২১৩।
ফোন নং-+৮৮(০২) ৪১০৮০৫০৪
E-mail: pd.wbbip.rhd@gmail.com

তারিখঃ ২৭/০৯/২০২০ খ্রিঃ

স্মারক নং-৩৫.০১.২৬০৭.০৬৪.১১.০০০.২০-৫৪১

অস্থায়ী নিয়োগ বিজ্ঞপ্তি

সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতায় বাংলাদেশের পশ্চিমাঞ্চলে (রংপুর, রাজশাহী, খুলনা, বরিশাল ও গোপালগঞ্জ অঞ্চল) বাস্তবায়নধীন “ওয়েস্টার্ন বাংলাদেশ ব্রিজ ইমপ্রুভমেন্ট প্রজেক্ট (ডব্লিউবিবিআইপি)” শীর্ষক প্রকল্পের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে শুধুমাত্র প্রকল্পের মেয়াদকালীন সময়ের জন্য নিয়োগের লক্ষ্যে যোগ্য ও আগ্রহী বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত পদে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

| ক্রঃ নং | পদের নাম | পদ সংখ্যা | সাকুল্য বেতন | শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতা |
|---------|--|-----------|---|---|
| ০১ | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০২টি | সরকারি বেতন স্কেল ২০১৫ এর গ্রেড-১৬ অনুসারে প্রযোজ্য বেতন। তবে অর্থ মন্ত্রণালয়ের সর্বশেষ জারীকৃত পরিপত্র অনুযায়ী বেতনভাতা নির্ধারিত হবে। | এইচএসসি/সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং/ডাটা এন্ট্রি ও টাইপিং এর সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজীতে ২০ শব্দ এবং বাংলায় ২০ শব্দ। |

শর্তাবলী :

- প্রকল্প পরিচালক (অঃপ্রঃপ্রঃ, সওজ), ওয়েস্টার্ন বাংলাদেশ ব্রিজ ইমপ্রুভমেন্ট প্রজেক্ট, আরএইচডি-ফরেন এইডেড প্রজেক্টস ভবন, রোড নং-২৭, ব্লক-এ, বনানী, ঢাকা-১২১৩ বরাবরে আবেদন করতে হবে। আবেদনপত্রে (ক) নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) ০১/১০/২০২০ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স (জ) জাতীয়তা (ঝ) ধর্ম (ঞ) শিক্ষাগত যোগ্যতা (পরীক্ষার নাম, পাশের সন, বিভাগ উল্লেখসহ) (ট) অভিজ্ঞতা (ঠ) মোবাইল নম্বর (যদি থাকে) (ড) ই-মেইল ঠিকানা (যদি থাকে)।
- আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত সনদপত্র/ প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবেঃ-
(ক) সকল শিক্ষাগত যোগ্যতার মূল/ সাময়িক সনদের সত্যায়িত কপি।
(খ) জাতীয় পরিচয় পত্র।
(গ) অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত কপি।
(ঘ) সম্প্রতি তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
(ঙ) প্রার্থীর নাম, ঠিকানা উল্লেখপূর্বক ৫.০০ (পাঁচ) টাকা মূল্যমানের অব্যবহৃত ডাকটিকেটযুক্ত ৯.৫ X ৪.৫ ইঞ্চি বিশিষ্ট ফেরত খাম একটি।
(চ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা প্রমাণের সার্টিফিকেট দাখিল করতে হবে।
- খামের উপরের ডান পাশে আবেদনকারীর পদের নাম, নিজ জেলার নাম ও বিশেষ কোটার নাম (প্রযোজ্য ক্ষেত্রে) উল্লেখ পূর্বক আবেদনপত্র ডাকযোগে আগামী ১৫/১০/২০২০ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌছাতে হবে। সরাসরি কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। নির্ধারিত তারিখ উত্তীর্ণের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- ০১/১০/২০২০ খ্রিঃ তারিখ প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বছর হবে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- সরকারি/ আধাসরকারি সংস্থায় চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি অনুসরণ করা হবে।
- কর্তৃপক্ষ বিজ্ঞাপিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/ বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।
- আবেদনপত্রের সাথে সংযুক্ত ছবি এবং অন্যান্য সনদপত্র সত্যায়িত করার ক্ষেত্রে সত্যায়নকারী কর্মকর্তার (১ম শ্রেণীর গেজেটেড সরকারি কর্মকর্তা) স্বাক্ষরের নীচে নামসহ সীল থাকতে হবে।
- ত্রুটিপূর্ণ, অসম্পূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।
- লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। তবে, পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার ভাতা প্রদান করা হবে না।
- প্রাপ্ত আবেদনপত্র বাছাই শেষে যোগ্য প্রার্থীকে পরীক্ষার সময় সূচী ও স্থান উল্লেখপূর্বক প্রার্থীর নিজ ঠিকানায় পরীক্ষার প্রবেশ পত্র প্রেরণ করা হবে।
- নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(মোঃ আবদুস সবুর)

পরিচিতি নং-০০৫০২৪

প্রকল্প পরিচালক (অঃপ্রঃপ্রঃ, সওজ)
ওয়েস্টার্ন বাংলাদেশ ব্রিজ ইমপ্রুভমেন্ট প্রজেক্ট।